# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি

**শিবচর শাখা, মাদারীপুর।**

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান **"মেসার্স রাসেল ষ্টোর"**, প্রোপ্রাইটর-রফিক বেপারী, পিতা-মৃত এরশাদ হোসেন বেপারী ও মাতা-আছিয়া বেগম, ব্যবসায়িক ঠিকানা-মেইন রোড, বাংলা বাজার, কাঁঠালবাড়ী, চরচান্দ্রা, শিবচর, মাদারীপুর, বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা-গ্রাম-হাজী রুস্তম আলী ফকির কান্দি, ডাকঘর-চরচান্দ্রা, থানা-শিবচর, জেলা-মাদারীপুর কর্তৃক ইউসিবি পিএলসি, শিবচর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২২/০৯/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১,৮৪,৭২,৭১১.৯৭ (এক কোটি চুরাশি লক্ষ বাহাত্তর হাজার সাতশত এগারো টাকা সাতানব্বই পয়সা) সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ২২/১০/২০২৫ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, শিবচর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিষ্ট্রীকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, শিবচর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। দরদাতাগন তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য www.ucb.com.bd ওয়েবসাইটে পাওয়া যাইবে।

### বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

১। জেলা-মাদারীপুর, থানা-শিবচর, সাব রেজিস্ট্রি অফিস-শিবচর। মৌজা-দোতারা, জে.এল. নং এস.এ.-৯৩, প্রস্তাবিত এস.এ. খতিয়ান নং-১৫১/১(১) (আগত খতিয়ান নং প্রস্তাবিত-১৫১/১), ১৩৬/১, দাগ নং-এস.এ.-৫৮৬/৬৪১, ৫৮৬। জমির পরিমান-২৪.৭৫ শতাংশ। যাহার চৌহদ্দিঃ উত্তরে-ডাঃ বেলায়েত হোসেন, দক্ষিনে-শামচু শেখ, পূর্বে-রাস্তা এবং পশ্চিমে-কুতুবপুর সীমানা।

২। জেলা-মাদারীপুর, থানা-শিবচর, সাব রেজিস্ট্রি অফিস-শিবচর। মৌজা-দোতারা, জে.এল. নং-এস.এ.-৯৩, প্রস্তাবিত এস.এ. খতিয়ান নং-১৫১/১(১), আগত খতিয়ান নং প্রস্তাবিত-১৩৬/১, দাগ নং-এস.এ.-৫৬৫, ৫৮৬। জমির পরিমান-৮.৫০ শতাংশ। যাহার চৌহদ্দিঃ উত্তরে-দাতা নিজ, দক্ষিনে-দাতা নিজ, পূর্বে-দানেছ এবং পশ্চিমে-রাস্তা ও রফিক বেপারী।

৩। জেলা-মাদারীপুর, থানা-শিবচর, সাব রেজিস্ট্রি অফিস-শিবচর। মৌজা-কুতুবপুর, জে.এল. নং-এস.এ.-৯২, খতিয়ান নং এস. এ.-১১১/৮, বি.আর.এস. (ডি.পি.)-২৪৫২, মিউটেশন খতিয়ান নং-১১১/৮(৩), জোত নং-১৭৩৪, দাগ নং এস.এ.-৪৭৮, ৯১৪, ৯১৫, ৯১৮, ৯১৯, বি.আর.এস. (ডি.পি.)-৪৩৪, ৪৩৬, জমির পরিমান-১৫.০০ শতাংশ। যাহার চৌহদ্দিঃ উত্তরে-পদ্মা ব্রীজ সড়ক, দক্ষিনে-আজিজুল মোল্যা, পূর্বে-জলিল গোমস্তা এবং পশ্চিমে-মজিদ চোকদার।

**বি.দ্র.-১৫.০০ শতাংশ জমির মধ্যে ৪৩৪ নং দাগে ০.০২২৮ একর বা ২.২৮ শতাংশ জমি এবং ৪৩৬ নং দাগে ০.০১২০ একর বা ১.২০ শতাংশ জমি বাংলাদেশ রেলওয়েতে অধিগ্রহণ হয়েছে।**

৪। জেলা-মাদারীপুর, থানা-শিবচর, সাব রেজিস্ট্রি অফিস-শিবচর। মৌজা-বাঘিয়া, জে.এল. নং-বি.আর.এস.-৯৪, খতিয়ান নং এস.এ.-১৬০, বি.আর.এস.-২৬৮, দাগ নং এস.এ.-৫১৫ ও বি.আর.এস.-৯৮৭, (মিউটেশন খতিয়ান নং-৬৫৭ ও মিউটেশন জোত নং-৬৫৭)। জমির পরিমান-১.৮১ শতাংশ। যাহার চৌহদ্দিঃ উত্তরে-আজিজ জমাদ্দার গং, দক্ষিনে-হাকিম মোল্যা, পূর্বে-রাস্তা এবং পশ্চিমে-নাসিমা বেগমের বাড়ী।

৫। জেলা-মাদারীপুর, থানা-শিবচর, সাব রেজিস্ট্রি অফিস-শিবচর। মৌজা-বাঘিয়া, জে.এল. নং-এস.এ.-৯৪, খতিয়ান নং এস.এ.-২০৪, দাগ নং এস.এ.-৫৬৮ ও বি.আর.এস.-৯৮৮, ৯৯০, (মিউটেশন খতিয়ান নং-৬৫৭ ও মিউটেশন জোত নং-৬৫৭। জমির পরিমান-০.৮৩ শতাংশ। যাহার চৌহদ্দিঃ উত্তরে-স্বরাজ হালদার, দক্ষিনে-মসজিদ, পূর্বে-হাকিম মোল্যা এবং পশ্চিমে-মসজিদের জায়গা।

৬। জেলা-মাদারীপুর, থানা-শিবচর, সাব রেজিস্ট্রি অফিস-শিবচর। মৌজা-দোতারা, জে.এল. নং-এস.এ.-৯৩, খতিয়ান নং আর.এস.-১২৫, এস.এ.-১৩০, বি.আর.এস (মিউটেশন খতিয়ান নং-৩৯৮ ও জোত নং-৩৯৭), আর.এস. এবং এস.এ. দাগ নং-৫৩৩, ৫৮৬, বি.আর.এস. দাগ নং-২৫৯, ২৬০, ২৬১। জমির পরিমান-৫.০০ শতাংশ। যাহার চৌহদ্দিঃ উত্তরে-সামসুল আলম শেখ, দক্ষিনে-মোঃ রফিক বেপারী, পূর্বে-সামসুল আলম শেখ এবং পশ্চিমে-রাস্তা।

### নিলামের শর্তাবলী ঃ-

১) আগামী ২২/১০/২০২৫ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, শিবচর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিষ্ট্রীকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, শিবচর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্যে পরিশোধ করিতে হইবে। তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৪) দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ্য করিতে পারিবেন।

৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভুমিকর ইত্যাতিসহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্তের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারী অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**শাখা প্রধান, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, শিবচর শাখা, মাদারীপুর।**